

কি বলিতে কি বলিস্, কি কহিতে কি কহিস্,
 এ তোদের প্রেমের প্রলাপ।
 আমি যে কি দেখিলাম নিজে কি' হইলাম
 ভালবাসি করিতে আলাপ।।
 আমি মুগ গোচরণে, চরাইতে গেনু বনে,
 খেতে যাই মলয়ের পত্র।
 কল্যকার একজনে, আমারে বিধিল বাণে,
 বলে আমি শ্রীকৃষ্ণের পুত্র।।
 সে বনে এসেছে সীতে, বিপ্রলম্ব জাল পেতে,
 জাল হাতে মোরে বাঁধেত তথা।
 এ বনে নাহিক ফল, এ বনে নাহিক খল,
 সুনির্মল পত্র ভক্তিলতা।।
 প্রেমতরু ফল দানে, ফলভোগী ভক্তগণে,
 ফলে ফল ভক্তি লতিকায়।
 শ্রীআনন্দ তরুবরে, আশাপত্র শোভা করে,
 সে পত্র হরিণে লুঠে খায়।।
 ইহা বলি কৃপাভোরে, হাতে গলে বাঁধে মোরে
 বলে 'হারে, কোথায় পালাবি।
 করি যজ্ঞ জীবোদ্ধার, হরিনাম মন্ত্র তার,
 সহজগ্নি শূন্যে যায় হবি।।
 যজ্ঞকর্তা শ্রীগৌরঙ্গ, হোতা গোলোক ত্রিভঙ্গ
 যজ্ঞেশ্বরী সেই রাধারাণী।
 তোমারে আস্থতি নিতে, রহিয়াছে হাত পেতে,
 আত্মাধিক আত্ম করি আনি।।
 আমি তারে বলে ক'য়ে, আসিয়াছি ছড়াইয়ে,
 ছুটিয়া না যাব রক্ষাং কুর।
 করি যত কাঁদাকাঁদি, হারিয়েছি বাঁধাবাঁধি,
 আর না লুটিব পত্র তরু।।"
 নাম-সংকীর্তন ক্ষান্ত, প্রলাপের হ'ল অন্ত,
 রাত্রি পোহাইল এই দিকে।
 হরি হরি হরি বলে, যাত্রা করে সবে মিলে,
 গোবিন্দ উঠিল সেই ঝোঁকে।।
 গোবিন্দ মতুরা ছেলে, যে বিছানে রেখেছিলে,
 তথা ছিল গৃহস্থের মেয়ে।

প্রেম প্রলাপের ঝোঁকে, নিজ পুত্র তথা রেখে,
 চলিলেন সেই মেয়ে ল'য়ে।।
 আসিয়া কতক দূরে, কহে মৃদু মধুস্বরে,
 গোবিন্দকে দয়াল ঠাকুর।
 দেখ দেখি দৃষ্টি করে, কি আনিলে কোলে করে
 হাঁটিয়া আসিলে এতদূর।।
 শুনিয়া প্রভুর বাক্য, বালিকার প্রতি লক্ষ্য,
 ক'রে বলে 'আনিয়াছি কা'য়।
 কি আনিতে করে আনি, এ যে কাহার নন্দিনী,
 এ বালিকা মম পুত্র নয়।।'
 সবে করে পরিহাস্য, ভাবাবেশে এ ঔদাস্য,
 যস্য-কন্যা তস্য স্থানে লৈয়া।
 কন্যা রাখিয়া নন্দনে, লইয়া ঠাকুর স্থানে,
 সংকীর্তনে মিলিল আসিয়া।।
 এইভাবে প্রেমলীলা, ভক্তগণ সঙ্গে খেলা,
 করে দীন দয়াল আমার।
 হরিচাঁদ লীলাসুধা, পানে নাশে ভবক্ষুধা,
 কহে দীন রায় সরকার।।



শ্রীহরির শ্রীপদে রামচাঁদের পদদর্শন

ক্রমে ক্রমে স্ব-প্রকাশ, হরিচাঁদ পীতবাস,
 ভক্তগণ সঙ্গে ফেরে রঙ্গে।
 অন্তরঙ্গ যতজন, সঙ্গে রহে অনুক্ষণ,
 বহু সাজে দেখে সে ত্রিভঙ্গে।।
 একদা প্রভাত কালে, রামচাঁদ সঙ্গে চলে,
 প্রান্তরের মধ্যে প্রভু যায়।
 অগ্রে চলে হরিচাঁদ, পিছে চলে রামচাঁদ,
 স্তব্ব দৌঁছে বাক্য নাহি কয়।।
 অমল কমল দল, ফুটে উঠে ঢল ঢল,
 পদে মিশে যবে পদ তুলে।।